

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

রাসূল (ছাঃ)-কে বিষ প্রয়োগে হত্যার চেষ্টা (سم نراع الشاة للنبي ص لاغتياه)

খায়বর বিজয়ের পর রাসূল (ছাঃ) যখন একটু নিশ্চিত হ'লেন, তখন বিতাড়িত বনু নাযীর গোত্রের অন্যতম নেতা ও কোষাধ্যক্ষ সাল্লাম বিন মিশকামের স্ত্রী যয়নব বিনতুল হারেছ তাকে বকরীর ভূনা রান হাদিয়া পাঠায়। সে আগেই জেনে নিয়েছিল যে, রাসূল (ছাঃ) রানের মাংস পসন্দ করেন। এজন্য উক্ত মহিলা উক্ত রানে ভালভাবে বিষ মাখিয়ে দিয়েছিল। রাসূল (ছাঃ) মাংসের কিছু অংশ চিবিয়ে ফেলে দেন, গিলেননি। অতঃপর বলেন, **إِنَّ هَذَا الْعُظْمُ** 'এই হাড় আমাকে বলছে যে, সে বিষ মিশ্রিত'। রাসূলুল্লাহ (ছাঃ) তখন উক্ত মহিলাকে ডেকে জিজ্ঞেস করলে সে কৈফিয়ত দিয়ে বলল, এর দ্বারা আমার উদ্দেশ্য ছিল এই যে, **إِنْ كَانَ مَلِكًا اسْتَرَحْتُ**, 'যদি এই ব্যক্তি বাদশাহ হন, তাহ'লে আমরা তার থেকে নিষ্কৃতি পাব। আর যদি নবী হন, তাহ'লে তাঁকে বিষয়টি জানিয়ে দেওয়া হবে'। অন্য বর্ণনায় এসেছে, **وَإِنْ كَانَ نَبِيًّا فَسَيُخْبِرُ** 'আমরা চেয়েছিলাম যদি আপনি মিথ্যাবাদী হন, তাহ'লে আমরা নিষ্কৃতি পাব। আর যদি আপনি নবী হন, তাহ'লে এ বিষ আপনার কোন ক্ষতি করবে না'।[1] তখন রাসূল (ছাঃ) তাকে ক্ষমা করে দেন। কিন্তু সাথী বিশর বিন বারা বিন মা'রুর এক টুকরা চিবিয়ে খেয়ে ফেলেছিলেন। যাতে তিনি মারা যান। ফলে তার বদলা স্বরূপ ঐ মহিলাকে হত্যা করা হয়।[2]

ফুটনোট

[1]. বুখারী হা/৩১৬৯; আহমাদ হা/৩৫৪৭, ২৭৮৫।

[2]. ইবনু হিশাম ২/৩৩৭; ফিক্‌হুস সীরাহ ৩৪৭ পৃঃ, সনদ ছহীহ; হাকেম হা/৪৯৬৭।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=5547>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন